গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
www.ictd.gov.bd
(সংস্থা-১ শাখা)

নং- ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৬.১৬- ১৮৫

তারিখঃ ২১ শ্রাবণ ১৪২৪
১৬ আগস্ট ২০১৭

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সহকারী প্রোগ্রামার (সাময়িক বরখাস্তকৃত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর বিরুদ্ধে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতি, উপজেলায় কর্মরত অন্যান্য কর্মকর্তাসহ জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যানের সাথে অসদাচরণ ও হুমকি প্রদান, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকালে প্রশিক্ষণ কেন্দ্রের শৃঙ্খলা পরিপন্থী আচরণ এবং কর্তৃপক্ষের বদলীর আদেশ অমান্য করার দায়ে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা দায়ের করে গত ১৪/১২/২০১৬ তারিখে ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তার দাখিলকৃত ১ম কারণ দর্শানো নোটিশের জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক হয়নি;

যেহেতু, ন্যয় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব মোঃ খায়রুল আমীন, যুগ্মসচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ২১/০৩/২০১৭ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫-এর বিধি-৩(বি) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি ও প্রাসঙ্গিক অন্যান্য কাগজপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে প্রমাণিত 'অসদাচরণ' এর অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁকে একই বিধিমালার ৪(৩)সি বিধি অনুযায়ী "চাকুরী হতে অপসারণ (Removal from service)" গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সে মোতাবেক গত ০২/০৫/২০১৭ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। অভিযুক্তের দাখিলকৃত ২য় কারণ দর্শানো নোটিশের জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক হয়নি;

যেহেতু জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সহকারী প্রোগ্রামার (সাময়িক বরখাস্তকৃত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর বিরুদ্ধে "চাকুরী হতে অপসারণ (Removal from service) গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত অপরিবর্তিত রেখে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৭(৭) বিধি এবং বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (পরামর্শকরণ) রেগুলেশন, ১৯৭৯ এর ৬ নং রেগুলেশন মোতাবেক মতামত চাওয়া হলে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সহকারী প্রোগ্রামার (সাময়িক বরখাস্তকৃত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর-কে "চাকুরী হতে অপসারণ" (Removal from service) গুরুদন্ড প্রদানে একমত পোষণ করে;

সেহেতু, জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সহকারী প্রোগ্রামার (সাময়িক বরখাস্তকৃত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(সি) বিধি মোতাবেক তাঁকে "চাকুরী হতে অপসারণ" (Removal from service) করা হলো।

(সুবীর কিশোর চৌধুরী) ১৩/৮/১৭
ভারপ্রাপ্ত সচিব

C:\Users\ME\Downloads\Praggapon for Rafiq. AP. DOICT.docx

অপর পাতায় দ্রষ্টব্য

নং- ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৬.১৬- ৭৮৫

তারিখঃ ২১ শ্রাবণ ১৪২৪
০৬ আগস্ট ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর/বিলাইছড়ি, রাঙ্গামাটি।
৫। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ,আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ,আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৮। জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সহকারী প্রোগ্রামার (সাময়িক বরখাস্তকৃত), উপজেলা: বিলাইছড়ি, রাঙ্গামাটি।
৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর/বিলাইছড়ি, রাঙ্গামাটি।

০৬.৮.২০১৭
কাজী মোহাম্মদ সেলিম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.doict.gov.bd
(প্রশাসন শাখা)

নং- ৫৬.০৪.০০০০.০০৩.৩৩.১৪৩.১৫(অংশ) - ১০৫৪

তারিখ: ০৫ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০১৭ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও পত্রের মর্মার্থ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। উপ-পরিচালক (অর্থ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর/বিলাইছড়ি, রাঙ্গামাটি।
৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর/বিলাইছড়ি, রাঙ্গামাটি।
৬। জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, কালীগঞ্জ, গাজীপুর/ বিলাইছড়ি, রাঙ্গামাটি/ স্থায়ী ঠিকানাঃ পিতা- মোহাম্মদ আবদুর রশিদ, গ্রাম- উত্তর আম্বরনগর, ডাকঘর-মহেশগঞ্জ, উপজেলা- সোনাইমুড়ি, জেলা-নোয়াখালী।
৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। অফিস নথি/ মাস্টার ফাইল।

২০।৮।১৭

মোস্তাইন বিল্লাহ
(উপসচিব)
উপ-পরিচালক (প্রশাসন)
ফোনঃ ০২-৮১৮১২৬৫ (অফিস)
mustain15166@gmail.com